# যতক্ষণ না পর্দার আচ্ছাদন উঠে যায়

## মুসলিম ধর্মের মানুষদের জন্য ৭ দিনের প্রার্থনা

**২০২৬ প্রার্থনা গাইড**

## মুসলিম জনগণের জন্য যুগান্তকারী প্রার্থনাকে প্রজ্জ্বলিত করে এমন বাস্তব প্রত্যাদেশের গল্প

*আমাদের মুসলিম প্রতিবেশীদের জন্য প্রার্থনায় সমগ্র বিশ্বের খ্রিস্টানদের সঙ্গে যোগ দিন*

IPC | 110 Cities | finishing the task

# যতক্ষণ না পর্দার আচ্ছাদন উঠে যায়

## মুসলিম ধর্মের মানুষদের জন্য ৭ দিনের প্রার্থনা

**২০২৬ প্রার্থনা গাইড**

## সুস্বাগতম

***"কিন্তু যখনই কেউ প্রভুর দিকে ফিরে আসে পর্দার আচ্ছাদন উঠে যায়।"***
(২ করিন্থিয়ানস্ ৩:১৬)

আজ সারা পৃথিবী জুড়ে, ১৯০ কোটিরও বেশি মুসলিম পুরুষ, মহিলা এবং শিশু উত্তর আফ্রিকা থেকে দক্ষিণ-পূর্ব এশিয়া পর্যন্ত বিস্তৃত শহর ও গ্রামে বসবাস করে, কাজকর্ম করে এবং পরিবার লালন পালন করে। তারা আমাদের প্রতিবেশী, সহকর্মী, সহপাঠী এবং বন্ধু। তাদেরকে ঈশ্বর গভীরভাবে ভালোবাসেন।

যতক্ষণ না পর্দার আচ্ছাদন উঠে যায় গাইডটি বিশ্বের গুরুত্বপূর্ণ শহরগুলোকে কেন্দ্র করে মুসলিম জনগণের জন্য সাত দিনের কেন্দ্রীভূত, ধর্মশাস্ত্র-নির্দেশিত মধ্যস্থতামূলক প্রার্থনায় অংশ নিতে বিশ্বজুড়ে বিশ্বাসীদের আহ্বান জানায়। এটি কোনো তর্ক-বিতর্ক বা বিদ্বেষের আহ্বান নয়। এটি হল সাফল্যের জন্য সহানুভূতিশীল, আত্মায় পরিপূর্ণ প্রার্থনার আহ্বান!

মুসলিম বিশ্বজুড়ে অসাধারণ সব গল্প উঠে আসছে। যীশু স্বপ্নে নিজেকে প্রকাশ করছেন। পুরো পরিবার ক্ষমার অনুগ্রহ আবিষ্কার করছে। বাড়িঘর ও নগরকেন্দ্র গুলিতে নতুন নতুন বিশ্বাসীসমাজ নিঃশব্দে গড়ে উঠছে। ইন্দোনেশিয়া থেকে উত্তর আফ্রিকা, মধ্যপ্রাচ্য থেকে দক্ষিণ এশিয়া, পবিত্র আত্মা কাজ করে চলেছেন।

## এই গাইডটি সম্পর্কে...

এই গাইডটির প্রতিটি দিন শুরু হয় বাইবেলের একটি স্পষ্ট বিষয়বস্তু এবং একটি মূল শাস্ত্রীয় অংশ দিয়ে, পাশাপাশি এর সঙ্গে আছে নির্দিষ্ট একটি শহর ও দেশের প্রেক্ষাপটে ঈশ্বরের কাজের একটি শক্তিশালী বাস্তব সাক্ষ্য। সেখান থেকে, আপনাকে পরিচালিত করা হবে মনোযোগী প্রার্থনার বিষয়বস্তু এবং একটি ব্যবহারিক প্রয়োগের চ্যালেঞ্জের মাধ্যমে, যা আপনাকে ব্যক্তিগতভাবে সাড়া দিতে এবং আপনি যে সত্যের মুখোমুখি হয়েছেন তা বাস্তবে রূপ দিতে সাহায্য করবে।

আপনি বেশ কিছু শহরের গল্প জানবেন যেমন মেদান (ইন্দোনেশিয়া), পেশাওয়ার (পাকিস্তান), মারাকেশ (মরক্কো), নিয়ামে (নাইজের), দুবাই (সংযুক্ত আরব আমিরশাহি), আদ্দিস আবাবা (ইথিওপিয়া) এবং সানা (ইয়েমেন)।

এই বিবরণগুলো ভবিষ্যতের কোন সংবাদপত্র শিরোনাম নয়। এগুলি ক্রমবর্ধমান ফসলের লক্ষণ!

আপনি একা প্রার্থনা করুন, পরিবারসহ করুন, আপনার গির্জায় প্রার্থনা করুন কিংবা অনলাইনে অন্যদের সঙ্গে প্রার্থনা করুন, এই সপ্তাহ যেন আপনার উপলব্ধিকে গভীর করে, সহানুভূতিকে বিস্তৃত করে এবং আপনার আত্মবিশ্বাসকে দৃঢ় করে যে যীশু এখনও মানুষকে নিজের দিকে আকর্ষণ করছেন।

আমরা যখন বিশ্বজুড়ে ১০ কোটিরও বেশি খ্রিস্টানদের সাথে ঐক্যবদ্ধ প্রার্থনায় যোগ দিচ্ছি, তখন যেন পর্দার আচ্ছাদন উঠে যায়। হৃদয় যেন ফিরে আসে। খ্রিস্ট যেন ক্রমাগত প্রকাশিত হতে থাকে!

যীশু যে জাতিগুলিকে ভালোবাসেন, তাদের জন্য প্রার্থনা করার সময় আমাদের সাথে যোগ দেওয়ার জন্য আপনাকে ধন্যবাদ।



# যতক্ষণ না পর্দার আচ্ছাদন উঠে যায়

## মুসলিম ধর্মের মানুষদের জন্য ৭ দিনের প্রার্থনা

২০২৬ প্রার্থনা গাইড

## ভূমিকা

***"শুরুতে বাণী ছিল, এবং বাণীর সাথে ঈশ্বর ছিলেন, এবং বাণীই ছিল ঈশ্বর।"***
(জন ১:১)


সারা বিশ্বের মুসলমানরা স্বীকার করে যে যীশু হলেন ঈশ্বরের বাণী, যদিও এই উপাধি সম্পর্কে তাদের ধারণা খ্রিস্টানদের থেকে অনেক আলাদা। হিব্রুস্ ১ আমাদের বলে যে, "অনেকদিন আগে, অনেকবার এবং অনেকভাবে ঈশ্বর নবীদের মাধ্যমে আমাদের পূর্বপুরুষদের সাথে কথা বলেছিলেন, কিন্তু এই শেষকালে তিনি তাঁর পুত্রের মাধ্যমে আমাদের সাথে কথা বলেছেন…"

এই সত্য আজও প্রতিফলিত হয় যখন মুসলমানরা প্রথমবারের মতো বাইবেল খুলে যীশুর জীবনকাহিনি পড়ে। তারা "ঈশ্বরের মহিমার জ্যোতি ও তাঁর স্বরূপের যথাযথ ছাপ" দেখতে পায় যখন তারা পাহাড়ের উপদেশ বা তাঁর সম্পাদিত অলৌকিক কাজগুলোর মুখোমুখি হয়।

ঈশ্বর যেসব উপায়ে মুসলমানদের নিজের দিকে আকর্ষণ করছেন, তার একটি প্রধান সহজ উপায় হলো বাইবেল অধ্যয়ন, যেখানে সৃষ্টিলগ্ন থেকে পুনরুত্থান পর্যন্ত ধর্মশাস্ত্রের অংশগুলো তুলে ধরা হয়। Waha অ্যাপে এমন বহু গল্পের সংকলন রয়েছে, যা অনেক ভাষায় অনূদিত হয়েছে। আগামী ৭ দিনে আমরা এমন কিছু নির্বাচিত অংশ নিয়ে প্রার্থনা করব, যা যীশুকে প্রকাশ করে, যিনি হলেন দেহধারী বাণী।

আপনি এই পরিচিত অংশগুলো নিয়ে ধ্যান করার সময়, কল্পনা করুন যদি প্রথমবার এগুলো পড়তেন, তবে কেমন লাগত — যীশুর প্রজ্ঞা, শক্তি, সৌন্দর্য ও কর্তৃত্ব নতুনভাবে উপলব্ধি করা কেমন হতো? মুসলমানরা যখন প্রথমবার বাইবেলের গল্প পড়েন, তাদের মন্তব্য প্রায়ই যীশুর সময়কার ইহুদিদের মতো শোনায়, "লোকেরা তাঁর শিক্ষায় আশ্চর্য হলো, কারণ তিনি কর্তৃত্বসহ শিক্ষা দিতেন, শাস্ত্রবিদদের মতো নয়।" (মার্ক ১:২২)

মধ্যস্থ প্রার্থনার মনোভাব নিয়ে জীবন্ত বাণীর কাছে প্রার্থনা করুন যেন মুসলমানরা তাঁর বাণী পড়ার সময় তিনি নিজেকে প্রকাশ করেন।





যতক্ষণ না পর্দার আচ্ছাদন উঠে যায়

মুসলিম ধর্মের মানুষদের জন্য ৭ দিনের প্রার্থনা

২০২৬ প্রার্থনা গাইড

# সূচীপত্র


| | | |
|---|---|---|
| ইসলামকে বোঝা | | ০৫ |
| আজকের মুসলিম বিশ্ব | | ০৬ |
| শীর্ষ ১০টি মুসলিম-সংখ্যাগরিষ্ঠ দেশ | | ০৭ |
| রমজান | | ০৮ |
| রমজানে যীশুর বার্তা কীভাবে শেয়ার করবেন | | ০৯ |
| এই গাইডটি কিভাবে ব্যবহার করবেন | | ১০ |
| ১ম দিন: প্রকাশ | মেদান, ইন্দোনেশিয়া | ১১ |
| ২য় দিন: পুনর্মিলন | পেশাওয়ার, পাকিস্তান | ১২ |
| ৩য় দিন: মুক্তি | মারাকেশ, মরক্কো | ১৩ |
| ৪র্থ দিন: নম্রতা | নিয়ামে, নাইজের | ১৪ |
| ৫ম দিন: সাহসিকতা | দুবাই, সংযুক্ত আরব আমিরশাহি | ১৫ |
| ৬ষ্ঠ দিন: বিশ্বাস | আদ্দিস আবাবা, ইথিওপিয়া | ১৬ |
| ৭ম দিন: আশা | সানা, ইয়েমেন | ১৭ |
| বিশ্বব্যাপী প্রার্থনা দিবস | | ১৮ |
| ৫ টি বিশ্ব প্রার্থনা দিবস | | ১৯ |
| ঈশ্বরের বাণী প্রার্থনা – YouVersion অ্যাপ | | ২০ |
| ক্ষুদ্র মুদ্রণ | | ২১ |

# ইসলামকে বোঝা

## মুসলমানরা কি বিশ্বাস করে

ইসলাম ধর্মের সূচনা হয়েছিল সপ্তম শতাব্দীতে আরব উপদ্বীপে নবী মহম্মদের শিক্ষার মাধ্যমে। আজ এটি বিশ্বের দ্বিতীয় বৃহত্তম ধর্ম, যার অনুসারীরা সব মহাদেশেই রয়েছে।

ইসলাম ধর্মের মূল বিশ্বাস হল **তাওহীদ** — ঈশ্বরের (আল্লাহ) পরম একত্ব ও অদ্বিতীয়তা। ঈশ্বরকে একক, সার্বভৌম ও তুলনাহীন হিসেবে বোঝা হয়। ঈশ্বরের সঙ্গে কাউকে শরিক করা (শিরক) সবচেয়ে গুরুতর পাপ হিসেবে বিবেচিত হয়।

মুসলমানরা বিশ্বাস করে:

- **কুর'আন** হল ঈশ্বরের চূড়ান্ত এবং নিখুঁত প্রকাশ।
- আব্রাহাম (ইব্রাহিম), মোজেস (মুসা) এবং যীশু (ঈসা) সহ দীর্ঘ নবীবাহিনীর শেষ নবী হলেন মহম্মদ।
- যীশু (ঈসা) কুমারী মেরির গর্ভে জন্মগ্রহণ করেছিলেন এবং অলৌকিক কাজ করেছিলেন, কিন্তু তিনি ঈশ্বরের পুত্র নন এবং বাইবেলের অর্থে তাঁকে ক্রুশবিদ্ধ করা হয়নি।
- পরিত্রাণ বা মুক্তি চূড়ান্তভাবে ঈশ্বরের করুণার উপর নির্ভরশীল, তবে সৎকর্ম, আনুগত্য এবং বিশ্বস্ততা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

**ইসলামের পাঁচটি নিয়ম** যা দৈনন্দিন জীবন গঠন করে:

১. বিশ্বাসের ঘোষণা (শাহাদা)
২. দৈনিক প্রার্থনা (সালাত)
৩. দরিদ্রকে দান (জাকাত)
৪. রমজানের সময় উপোস (সাওম)
৫. মক্কায় তীর্থযাত্রা (হজ্জ)

অনেক মুসলমানের কাছেই ধর্ম কেবল ব্যক্তিগত বিশ্বাস নয় — এটি পরিবার, সংস্কৃতি, আইন ও সামাজিক পরিচয়ের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত।

তবুও বিশ্বব্যাপী মুসলিম সম্প্রদায়ের মধ্যে বিশাল বৈচিত্র্য রয়েছে: সাংস্কৃতিক, ধর্মতাত্ত্বিক, জাতিগত এবং রাজনৈতিক।

দুটি বৃহত্তম শাখা হল:

- **সুন্নি ইসলাম** (বিশ্বব্যাপী সংখ্যাগরিষ্ঠ)
- **শিয়া ইসলাম** (কয়েকটি অঞ্চলে এদের সংখ্যা উল্লেখযোগ্য)

যে সমস্ত দেশে প্রচুর পরিমাণে মুসলিম জনসংখ্যা রয়েছে তার মধ্যে কয়েকটি হল ইন্দোনেশিয়া, পাকিস্তান, বাংলাদেশ, ভারত, নাইজেরিয়া, ইজিপ্ট (মিশর), ইরান এবং তুর্কিয়ে (তুরস্ক)।

মুসলমানরা কী বিশ্বাস করে তা বোঝা আমাদেরকে অনুমানের বদলে অন্তর্দৃষ্টি ও সচেতনতার সঙ্গে প্রার্থনা করতে সাহায্য করে।



# আজকের মুসলিম বিশ্ব: আধ্যাত্মিক ও সাংস্কৃতিক বাস্তবতা

মুসলিম বিশ্ব একরূপ বা একমুখী নয়। এটি ইউরোপ ও উত্তর আমেরিকা জুড়ে ব্যস্ত মহানগর, মরুভূমির গ্রাম, পাহাড়ি জনপদ এবং প্রবাসী সংলগ্ন এলাকাগুলো জুড়ে ছড়িয়ে আছে।

অনেক মুসলিম সমাজেই **পারিবারিক সম্মান ও সামাজিক অন্তর্ভুক্তি** অত্যন্ত গুরুত্বপূর্ণ। ধর্মীয় পরিচয় ঐতিহ্যের সঙ্গে গভীরভাবে জড়িত। কেউ যদি যীশুকে অনুসরণ করার সিদ্ধান্ত নেন, তবে তাকে সামাজিক মূল্য দিতে হতে পারে যেমন প্রত্যাখ্যান, চাপ, এমনকি বিপদের মুখোমুখি হওয়া।

একই সময়ে, উল্লেখযোগ্য পরিবর্তনও ঘটছে।

মধ্যপ্রাচ্য, উত্তর আফ্রিকা ও দক্ষিণ এশিয়ার বিভিন্ন অঞ্চলে ক্রমবর্ধমান সংখ্যক মুসলিম জানাচ্ছেন যে তারা যীশুর স্বপ্ন দেখছেন এবং তাঁর দর্শন করছেন নানাভাবে। অনেকে সাক্ষ্য দিচ্ছেন যে তারা "ঈসা আল-মসীহ" — মসীহ যীশুর — সঙ্গে সাক্ষাৎ পেয়েছেন ধর্মশাস্ত্র, স্যাটেলাইট মিডিয়া, বন্ধুত্ব কিংবা ব্যক্তিগত প্রত্যাদেশের মাধ্যমে।

কোথাও কোথাও গৃহভিত্তিক বিশ্বাসী-সমাজ নীরবে বৃদ্ধি পাচ্ছে। আবার অন্য কোথাও বিশ্বাসীরা নিপীড়ন সহ্য করেও অটল রয়েছেন।

কৌশলগত নগরকেন্দ্র — যেমন ইস্তানবুল, করাচি, কাইরো, তেহরান এবং জাকার্তা হল লক্ষ লক্ষ মানুষের বাসস্থান, যাদের অনেকেরই সুসমাচারের কাছে পৌঁছানোর সুযোগ খুব সীমিত।

## প্রার্থনা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ:

- মুসলিম পটভূমির অনেক বিশ্বাসীর সাহস প্রয়োজন।
- কিছু ভাষায় ধর্মগ্রন্থের প্রাপ্যতা এখনও সীমিত।
- যীশু সম্পর্কে ভুল ধারণা এখনো বিদ্যমান।
- রাজনৈতিক উত্তেজনা প্রায়ই সাক্ষ্যদান জটিল করে তোলে।
- আধ্যাত্মিক ক্ষুধা বৃদ্ধি পাচ্ছে।

আমরা ভয়ে প্রার্থনা করি না।
**আমরা ভালোবাসায় প্রার্থনা করি।**

আমরা মানুষের বিরুদ্ধে প্রার্থনা করি না।
**আমরা প্রার্থনা করি যেন হৃদয় জীবন্ত খ্রিস্টের দেখা পায়।**

যেমন ২ করিন্থিয়ানস্ ৩:১৬ আমাদের মনে করিয়ে দেয়:

**"কিন্তু যখনই কেউ প্রভুর দিকে ফিরে আসে,
পর্দার আচ্ছাদন উঠে যায়।"**

আমাদের উপলব্ধি আরও গভীর হোক।
আমাদের সহানুভূতি আরও বিস্তৃত হোক।
আমাদের প্রার্থনা আরও শক্তিশালী হোক।



# Countries with the Largest Muslim Populations

*Over 1.9 billion Muslims worldwide*




## Top 10 Muslim-Majority Countries

| | | | |
|---|---|---|---|
| 1 | Indonesia | 240+ million | 86% |
| 2 | Pakistan | 230+ million | 96% |
| 3 | India | 210+ million | 14% |
| 4 | Bangladesh | 155+ million | 91% |
| 5 | Nigeria | 110+ million | 50% |
| 6 | Egypt | 95+ million | 90% |
| 7 | Iran | 85+ million | 99% |
| 8 | Turkey | 80+ million | 99% |
| 9 | Algeria | 43+ million | 99% |
| 10 | Sudan | 40+ million | 90% |

*Data estimates are approximate*

PRAY FOR THE NATIONS TO ENCOUNTER JESUS

# রমজান

## মুসলিম বিশ্বের একটি পবিত্র মাস

রমজান হল ইসলামিক ক্যালেন্ডারের সবচেয়ে পবিত্র মাস। মুসলমানরা বিশ্বাস করে যে, এই সময়েই কুর'আন প্রথমবার নবী মহম্মদের উপর অবতীর্ণ হয়েছিল। যেহেতু ইসলামিক ক্যালেন্ডার হল চন্দ্র ক্যালেন্ডার, তাই গ্রেগরিয়ান ক্যালেন্ডার অনুযায়ী প্রতি বছর রমজান-এর সময় কিছুদিন করে এগিয়ে আসে।

সারা বিশ্বের মুসলিমদের জন্য — তা সে গ্রাম, মহানগর, শরণার্থী শিবির কিংবা প্রবাসী সম্প্রদায় যেখানেই হোক না কেন — রমজান হল একটি গভীর আধ্যাত্মিক সময় যা চিহ্নিত হয় রোজা, নামাজ (প্রার্থনা), দান, অনুতাপ এবং আল্লাহর প্রতি নতুন করে নিষ্ঠার মাধ্যমে।

এটিকে প্রায়শই করুণা বা রহমতের মাস হিসাবে ব্যাখ্যা করা হয়।

### উপবাস বা রোজা রাখার তাৎপর্য

রমজানের সময় উপবাস বা রোজা রাখা (যা সাওম নামে পরিচিত) হল ইসলামের পাঁচটি নিয়মের মধ্যে অন্যতম। সূর্যোদয়ের আগের মুহূর্ত থেকে সূর্যাস্ত পর্যন্ত, অনুশীলনকারী মুসলিমরা নিম্নলিখিত বিষয়গুলি থেকে বিরত থাকে:

- খাদ্য
- পানীয়
- ধূমপান
- দাম্পত্য সম্পর্ক



রোজা কেবল শারীরিক সংযম নয়; এর উদ্দেশ্য হল এইগুলি গড়ে তোলা:

- আত্ম-শৃঙ্খলা
- চিন্তার পবিত্রতা
- উদারতা
- আল্লাহর প্রতি নির্ভরতা
- দরিদ্রদের প্রতি সহানুভূতি

এই মাসে অনেক মুসলিম তাদের নামাজের সংখ্যা বাড়িয়ে দেয়, দান করে (জাকাত), এবং পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে। শেষ দশদিন বিশেষভাবে পবিত্র বলে মনে করা হয়, যখন আধ্যাত্মিক তীব্রতা আরও বৃদ্ধি পায়।

এই মাসটি শেষ হয় ঈদ-উল-ফিতর উদযাপনের মাধ্যমে, যেখানে সমবেত নামাজ, খাবার-দাবার, নতুন পোশাক এবং উদারতার কাজের মাধ্যমে উদযাপিত হওয়া একটি আনন্দময় উৎসব।

## রমজানের সময় একটি সাধারণ দিন

যদিও সংস্কৃতিভেদে এই অনুশীলন ভিন্ন ভিন্ন হয়, একটি সাধারণ দিন প্রায়শই এমনভাবে কাটে:

**ভোরের আগে (সুহুর)**
পরিবারগুলো সূর্যদয়ের আগে ঘুম থেকে উঠে হালকা কিছু খাবার খায় এবং নামাজ পড়ে। এই সময়টি প্রায়ই শান্ত ও ধ্যানমগ্ন।

**ভোরের বা ফজরের নামাজ**
পাঁচ-ওয়াক্ত নামাজ বা দৈনিক পাঁচটি নামাজের প্রথম নামাজ যা উপবাস বা রোজার আনুষ্ঠানিক সূচনা করে।

**দিনের বেলা**
কাজ এবং স্কুল চলতে থাকে, কিন্তু খাদ্য এবং পানীয়র অভাবে শক্তির মাত্রা কিছুটা কম থাকতে পারে। অনেকেই অপ্রয়োজনীয় ব্যস্ততা এড়িয়ে চলেন এবং আধ্যাত্মিক চিন্তায় মনোনিবেশ করেন।

**বিকেল এবং সন্ধ্যার নামাজ**
মসজিদগুলি এইসময় ক্রমশ সক্রিয় হয়ে ওঠে। সম্প্রদায়ের সমাবেশগুলি এই মাসে আরও জোরদার হয়।

**সূর্যাস্ত (ইফতার)**
সূর্যাস্তের সময়, উপবাস বা রোজা ভাঙা হয় — ঐতিহ্যগত ভাবে খেজুর এবং জল দিয়ে। পরিবার এবং প্রতিবেশীরা একসঙ্গে খাবার ভাগাভাগি করেন। অনেক দেশেই, রাস্তাঘাট উদযাপন এবং উদারতায় উৎসবমুখর হয়ে ওঠে।

**রাতের নামাজ (তারাবিহ্)**
মসজিদে বিশেষ দীর্ঘ নামাজ অনুষ্ঠিত হয়। পুরো মাসজুড়ে কুর'আনের বিশেষ অংশগুলো ধারাবাহিকভাবে পড়া হয় বা তিলাওয়াত করা হয়।

অনেক মুসলিমের কাছেই, রমজান হল আন্তরিকতার সময় — যখন হৃদয় কিছুটা নরম থাকে, আর আধ্যাত্মিক প্রশ্নগুলো আরও স্পষ্টভাবে সামনে আসে।

# রমজানের সময় কিভাবে যীশুকে শেয়ার করবেন

## যীশুকে ভালোবাসা এবং প্রজ্ঞার সাথে পরিচয় করিয়ে দেওয়া



রমজান বন্ধুত্ব গড়ে তোলা এবং অর্থপূর্ণ কথোপকথনের জন্য একটি অনন্য সুযোগ এনে দেয়।

প্রথমত এবং সর্বাগ্রে, খ্রিস্টানদের সম্মান ও শ্রদ্ধার সঙ্গে সাড়া দিতে আহ্বান করা হয়।

- রোজা রাখার যে অঙ্গীকার ও সংযম প্রয়োজন, তা স্বীকার করুন।
- এই মাস তাদের ব্যক্তিগত জীবনে কী অর্থ বহন করে সে বিষয়ে চিন্তাশীল প্রশ্ন জিজ্ঞাসা করুন।
- বিতর্কের পরিবর্তে প্রকৃত আগ্রহ প্রকাশ করুন।

রমজান মাসে আতিথেয়তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। যদি কেউ ইফতারে আমন্ত্রণ জানায় তবে, সদয়ভাবে তা গ্রহণ করলে আস্থা তৈরি হয় এবং বন্ধুত্ব আরও গভীর হয়।

যখন আধ্যাত্মিক কথোপকথন শুরু হয়, তখন খ্রিস্টানরা নম্রভাবে শেয়ার করতে পারে:

- যে যীশুও উপবাস করেছিলেন এবং প্রার্থনা করেছিলেন (ম্যাথিউ ৪:১–২)।
- যে যারা খ্রিস্টান, তারাও, ক্ষমা এবং ঈশ্বরের সান্নিধ্য কামনা করে।
- যে যীশুকে বাইবেল এবং কুর'আন উভয় গ্রন্থেই "ঈশ্বরের বাণী" ও "মসীহ" বলা হয়েছে।

যীশুকে একজন প্রতিদ্বন্দ্বী নবী হিসেবে উপস্থাপন না করে, তাঁকে ঈশ্বরের প্রকাশের পরিপূর্ণতা হিসেবে তুলে ধরা যায় — যিনি পিতার হৃদয় সম্পূর্ণভাবে প্রকাশ করেন, যিনি করুণার মূর্ত প্রতীক, এবং যিনি অনুগ্রহের মাধ্যমে ক্ষমার নিশ্চয়তা দেন।

প্রশ্ন অনেক সময় শক্তিশালী মাধ্যম হতে পারে:

- "আপনি কি বিশ্বাস করেন যীশু আসলে কে?"
- "তাঁকে যে মশীহ বলা হয় সেটা আপনার কাছে কি অর্থ বহন করে?"
- "আপনি ক্ষমার নিশ্চয়তা কীভাবে অনুভব করেন?"

সর্বোপরি, মনে রাখবেন:

- কোন তর্ক-বিতর্ক জেতা আমাদের লক্ষ্য নয়।
- আমাদের লক্ষ্য হল খ্রিস্টের সাক্ষ্য দেওয়া।
- পবিত্র আত্মা নিজেই পর্দা তুলে দেন।

ভালোবাসা পথ দেখাক। নম্রতা দিকনির্দেশ করুক। সত্য উচ্চারিত হোক কোমলভাবে।
"ভালোবাসায় সত্য কথা বলো।" — এফেসিয়ানস্ ৪:১৫



# এই গাইডটি কিভাবে ব্যবহার করবেন

এই প্রার্থনা গাইডটি সহমর্মিতা, নম্রতা ও প্রত্যাশা নিয়ে শূণ্যস্থানে দাঁড়ানোর জন্য একটি আমন্ত্রণ — যেন আমরা ঈশ্বরের কাছে প্রার্থনা করা, তিনি যেন মুসলিম মানুষদের মধ্যে শক্তিশালীভাবে কাজ করেন এবং প্রার্থনার মধ্য দিয়ে আমাদেরকেও রূপান্তরিত করুন। প্রতিটি দিন এমনভাবে সাজানো হয়েছে যাতে ধর্মশাস্ত্র, বাস্তব গল্প ও মধ্যস্থ প্রার্থনা একত্রে মিলিত হয় — যতক্ষণ না পর্দা সরে যায় এবং খ্রিস্ট প্রকাশিত হন।

প্রতিদিন শুরু করুন নির্ধারিত থিম এবং ধর্মশাস্ত্রের অংশগুলো পড়ে। ধীরে ধীরে এবং প্রার্থনা সহকারে পড়ুন, পবিত্র আত্মাকে আমন্ত্রণ জানান যেন তিনি উল্লিখিত মানুষ ও শহরের জন্য ঈশ্বরের হৃদয় আলোকিত করতে পারেন। ঈশ্বরের বাণী যেন আপনার দৃষ্টিভঙ্গি গঠন করে, ভালোবাসা গভীর করে এবং আপনার প্রার্থনাকে ঈশ্বরের উদ্দেশ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ করে তোলে।

এরপর বাস্তব জীবনের প্রামাণিক বিবৃতিটি পড়ুন। এই বিবরণগুলো সাহসী আনুগত্য, নীরব বিশ্বস্ততা এবং যীশুর আশ্চর্য আত্মপ্রকাশের গল্প — স্বপ্ন, সম্পর্ক, ধর্মগ্রন্থ ও বিশ্বাসীদের ছোট ছোট সমাবেশের মাধ্যমে। পড়ার সময়, ঈশ্বর যা করছেন তার জন্য তাঁকে ধন্যবাদ দিন। যেখানে বিরোধিতা, কষ্ট বা আধ্যাত্মিক বাধা রয়েছে, সেখানে সাফল্য, সুরক্ষা এবং অধ্যবসায়ের জন্য প্রার্থনা করুন।

QR কোড ব্যবহার করে আরও জানার জন্য সময় নিন। উল্লিখিত শহরের ইতিহাস, সংস্কৃতি ও আধ্যাত্মিক পরিস্থিতি সম্পর্কে জানুন। কিছু সম্পর্কে জানা এবং বোঝা সহমর্মিতার জন্ম দেয়, আর সহমর্মিতা বিশ্বস্ত প্রার্থনায় ইন্ধন জোগায়।

প্রতিটি দিনেই রয়েছে নির্দিষ্ট প্রার্থনার বিষয় ও একটি ব্যবহারিক প্রতিক্রিয়া। একটু থেমে নিজেকে জিজ্ঞেস করুন প্রভু আপনাকে কীভাবে কাজ করার আহ্বান জানাচ্ছেন — হয়তো বন্ধুত্ব গড়ে তোলার মাধ্যমে, হয়তো আপনার এলাকার মুসলিমদের সম্পর্কে আরও জানার মাধ্যমে, হয়তো অধিক সাহসের সঙ্গে বিশ্বাস ভাগ করে নেওয়ার মাধ্যমে, অথবা হয়তো নিয়মিত প্রার্থনা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার মাধ্যমে। আমরা যখন অন্যদের জন্য প্রার্থনা করি, ঈশ্বর তখন আমাদের নিজস্ব বিশ্বাসকেও পরিশুদ্ধ ও শক্তিশালী করেন।

আপনি হয়তো প্রতিটি দিন উপাসনার মধ্যে দিয়ে শেষ করতে চাইবেন, চোখ তুলে যীশুর দিকে তাকান — যিনি সকল মানুষকে নিজের দিকে আকর্ষণ করেন।

আপনি যখন প্রার্থনা করবেন, তখন এই প্রতিশ্রুতিতে অবিচল থাকুন: যখন হৃদয় প্রভুর দিকে ফিরে আসে, তখন পর্দার আচ্ছাদন উঠে যায়।



১ম দিন

## ৯ই মার্চ

আজকের থিম

# প্রকাশ

“পুত্র ছাড়া কেউ পিতাকে জানে না এবং যার কাছে পুত্র তাঁকে প্রকাশ করতে ইচ্ছা করেন, সে-ই পিতাকে জানতে পারে।”
ম্যাথিউ ১১:২৭

ফোকাস করুন:

মেদান
ইন্দোনেশিয়া

# প্রত্যাশী হৃদয়ের কাছে যীশু নিজেকে প্রকাশ করেন



আমিশা পাঁচজন মহিলার সঙ্গে নবীদের সম্পর্কে বাইবেলের গল্প পাঠ শুরু করেন — যা মুসলমানদের কাছে ঈশ্বরের বাণী পরিচয় করানোর একটি ভালো উপায়। অংশগ্রহণকারীরা এরপর সেই গল্পগুলো নিজেদের পরিবার ও বন্ধুদের সঙ্গে শেয়ার করেন এবং একত্রে সময় কাটানোর সময় ঈশ্বর তাদের হৃদয়ে যা অনুপ্রাণিত করেন, তা মেনে চলার চেষ্টা করেন।

এই পাঁচজনের মধ্যে তিনজন “ঈসা আল-মসীহ” (মসীহ যীশু) এর দর্শন পেয়েছেন। স্বপ্নে তিনি একজনকে তার স্বামীকে ক্ষমা করতে বলেন এবং আরেকজনকে নিশ্চিত করেন যে তিনি তাঁর সত্য অধ্যয়ন করছেন। তৃতীয়জন এক সরল কিন্তু গভীর দর্শন পান যে যীশু তাকে আলিঙ্গন করছেন! অল্প সময়ের মধ্যেই পাঁচজনই ঈসার অনুসারী হয়ে ওঠেন। আমিশা তাদেরকে কাছের একটি ধানক্ষেতের সেচ-খালে ব্যাপ্টাইজ করেন।

আমিশা একজন সাধারণ বিশ্বাসী, যিনি শিষ্য তৈরির আন্দোলনে প্রশিক্ষণপ্রাপ্ত এবং যীশুর কথা শোনার এবং তাঁর আনুগত্য করার গভীর আকাঙ্ক্ষা রাখেন। এই ছয়জন মহিলাই শিষ্য তৈরি করা শেখার পর্যায়ে আছেন, যারা পরবর্তীকালে অন্যদের শিষ্য করবেন।

এই মহিলারাই তাদের পরিবারের মধ্যে থেকে প্রথম খ্রিস্টের কাছে এসেছেন। প্রার্থনা করুন যেন তারা ঈশ্বরের বাণী নিয়ে নিজেদের স্বামীদের কাছে পৌঁছাতে পারেন এবং তাদের আধ্যাত্মিক নেতৃত্বকে উৎসাহিত করতে পারেন। এই প্রক্রিয়া কখনও কখনও জটিল ও কঠিন হতে পারে, কিন্তু পুরো পরিবারকে বিশ্বাসে নিয়ে আসার জন্য এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

## প্রার্থনার বিষয়সমূহ

- স্বপ্ন এবং ধর্মশাস্ত্রের মাধ্যমে যীশুর ক্রমাগত প্রকাশের জন্য প্রার্থনা করুন।
  “দেখো, ঈশ্বরের মেষশাবক যিনি জগতের পাপ দূর করেন” জন ১:২৯
- প্রার্থনা করুন যেন প্রত্যাশী পরিবারগুলির মধ্যে আধ্যাত্মিক ক্ষুধা জাগ্রত হয়।
  “প্রভু যীশুর উপর বিশ্বাস রাখো, এবং তাহলে তুমি নিজে এবং তোমার পরিবার পরিত্রাণ পাবে।” অ্যাক্টস্ ১৬:৩১
- আরও সাহসী শিষ্য-প্রস্তুতকারীদের জন্য প্রার্থনা করুন, যারা স্পষ্টভাবে খ্রিস্টের সাক্ষ্য শেয়ার করবে।
  “ফসল প্রচুর, কিন্তু কর্মী খুব কম। অতএব, ফসলের প্রভুর কাছে প্রার্থনা কর, তিনি যেন তাঁর ফসলের ক্ষেতে কর্মী পাঠান।” লূক ১০:২

### প্রয়োগ

প্রার্থনা করুন এই সপ্তাহে যীশু যেন আপনি যাকে চেনেন এমন কারো কাছে নিজেকে প্রকাশ করেন।

### তথ্য ও পরিসংখ্যান

ইন্দোনেশিয়ায় ২৪ কোটিরও বেশি মুসলমান বসবাস করে।

### অন্যান্য ধর্মগ্রন্থ


মার্ক ১:১-৮; জন ১:২৯-৩৪

ইন্দোনেশিয়া
সম্পর্কে আরো তথ্য

২য় দিন
# ১০ই মার্চ

## আজকের থিম
# পুনর্মিলন

“সবকিছুই ঈশ্বর থেকে এসেছে, যিনি খ্রিস্টের মাধ্যমে আমাদের নিজের সঙ্গে পুনর্মিলিত করেছেন এবং আমাদেরকে পুনর্মিলনের সেবাকাজ প্রদান করেছেন...”
২ করিন্থিয়ানস্ ৫:১৮–১৯



**ফোকাস করুন:**

পেশওয়ার
পাকিস্তান

# খ্রিস্টের মাধ্যমে ঈশ্বরের সঙ্গে পুনর্মিলন



দরজাটি খুলেছিল জাইমের মাধ্যমে — একজন নতুন ব্যাপ্টিইজ হওয়া শিষ্য ও স্কুলের সহকারী প্রধান শিক্ষক, যিনি তার স্কুল সম্প্রদায়ের মধ্যে সক্রিয়ভাবে ঈশ্বরের বাণী ভাগ করে নিচ্ছিলেন। এই সম্পর্কের সূত্রেই ওয়াজীহ পৌঁছলেন স্কুলের পরিচালিকার বাড়িতে — যিনি ছিলেন একজন প্রভাবশালী সরকারি কর্মকর্তা, যার পরিবার গভীর দ্বন্দ্বে জর্জরিত ছিল এবং সাহায্য খুঁজছিল।

অফিসারটি তার বিপর্যস্ত পরিবারকে একত্রিত করলেন — যার মধ্যে ছিল খারাপ সঙ্গে জড়িয়ে পড়া এক ছেলে এবং বিবাহবিচ্ছেদের মুখোমুখি হওয়া এক মেয়ে। ওয়াজীহ তাদের ব্যর্থতার দিকে মনোযোগ দেননি; বরং তিনি আদম ও ইভের গল্পটি বর্ণনা করেছিলেন এবং ব্যাখ্যা করেছিলেন কিভাবে যীশুকে সম্পর্ক পুনরুদ্ধার করার জন্য পাঠানো হয়েছিল — প্রথমে তাঁর আত্মবলিদানের মাধ্যমে ঈশ্বরের সঙ্গে, এবং তারপর পারস্পরিক ক্ষমার মাধ্যমে একে অন্যের সঙ্গে। ক্ষমা ঈশ্বরের সঙ্গে এবং মানুষের সঙ্গে আমাদের সম্পর্ককে স্বাভাবিক করে তোলে।

তাদের আধ্যাত্মিক ও সম্পর্কগত প্রয়োজনের গভীরতা উপলব্ধি করে, ওই উচ্চপদস্থ অফিসার অসাধারণ নম্রতা প্রদর্শন করেছিলেন। তিনি ওয়াজীহকে অনুরোধ করলেন যেন তিনি তার ও তার পুরো পরিবারের ওপর হাত রেখে যীশুর নামে আশীর্বাদ করেন। জাইম অবাক হয়ে দেখলেন — সরকারি কর্মকর্তা মাথা নত করেছেন। রূপান্তরটি ছিল তাৎক্ষণিক ও বাস্তব: যে মেয়ে বিবাহবিচ্ছেদের কথা ভাবছিল, সে অল্পদিনের মধ্যেই স্বামীর কাছে ফিরে গেল। এই আশ্চর্য ঘটনা ঘটেছিল যীশুর আত্মবলিদানের কারণে; ক্ষমা সবসময় সম্ভব, এবং সবচেয়ে ভাঙা পরিবারও পুনর্মিলিত হতে পারে।

## প্রার্থনার বিষয়সমূহ

- যেসব পরিবারের পুনরুদ্ধারের প্রয়োজন রয়েছে, তাদের মধ্যে অতিপ্রাকৃত নম্রতার জন্য প্রার্থনা করুন।
  “আমি তোমাদের একটি নতুন হৃদয় দেব এবং তোমাদের মধ্যে একটি নতুন আত্মা স্থাপন করব।” ইজিকিয়েল ৩৬:২৬
- প্রার্থনা করুন ভাঙা সম্পর্ক পুনরুদ্ধারের জন্য যীশুর আত্ম-বলিদানের শক্তি কার্যকর হোক।
  “তিনি পিতাদের হৃদয় সন্তানদের দিকে এবং সন্তানদের হৃদয় পিতাদের দিকে ফিরিয়ে দেবেন।” মালাচি ৪:৬
- এমন শিষ্য-প্রস্তুতকারীদের জন্য প্রার্থনা করুন, যারা ক্ষমার সেই বার্তা বহন করবে যা সমাজকে আরোগ্য করে।
  “প্রভুর আত্মা আমার উপর আছেন... তিনি আমাকে ভাঙা হৃদয় জোড়া লাগানোর জন্য পাঠিয়েছেন।” ইশাইয়া ৬১:১

### প্রয়োগ

যেখানে অহংকার সম্পর্কের নিরাময়ে বাধা সৃষ্টি করেছে, আজই সেখানে পুনর্মিলনের উদ্যোগ নিন।

### তথ্য ও পরিসংখ্যান

পাকিস্তানের ৯৬% মানুষ মুসলিম, যেখানে সুসমাচারের প্রবেশাধিকার সীমিত।

### অন্যান্য ধর্মগ্রন্থ


লূক ১৮:৯–৩০

পাকিস্তান
**সম্পর্কে আরো তথ্য**

৩য় দিন
## ১১ই মার্চ

### আজকের থিম
# মুক্তি

“ঈশ্বরের পুত্রের আবির্ভাবের কারণ ছিল শয়তানের কাজ ধ্বংস করার জন্য।”
১ জন ৩:৮



ফোকাস করুন:
মারাকেশ
মরক্কো

# খ্রিস্টের কর্তৃত্বের মাধ্যমে মুক্তি



মারাকেশ-এর একজন মুসলিম ব্যবসায়ীর একজন কর্মচারী ছিল যে কোন এক ভৌতিক জাদুমন্ত্রে প্রায়ই অজ্ঞান হয়ে পড়ত। তারা বিশ্বাস করতেন, এই ঘটনাগুলো তার জীবনে অশুভ আত্মার প্রভাবের ফল। সেই ব্যবসায়ী খ্রিস্টের সুসমাচার সম্পর্কে জানতে পারেন এবং যীশুর অনুসারী হয়ে ওঠেন।

কয়েক মাস কেটে গেল, এবং যে কর্মচারী অজ্ঞান হয়ে পড়ার জাদুমন্ত্রে বশীভূত ছিলেন তিনি চাকরি ছেড়ে দিলেন। সেই ব্যবসায়ী, যিনি এখন একজন যীশুর অনুসারী হয়ে উঠেছিলেন, তিনি তার প্রাক্তন কর্মচারীর সঙ্গে দেখা করেন এবং মৃত্যু, অসুস্থতা ও অশুভ শক্তির ওপর যীশুর ক্ষমতা সম্পর্কে তাকে জানান।

তিনি তাকে বলেন যে তিনি তার জন্য প্রার্থনা করতে পারেন যাতে সে মুক্তি ও আরোগ্য পায়। কর্মচারী সেই প্রার্থনা গ্রহণ করেন। তিনিও যীশুতে বিশ্বাস স্থাপন করেন, ভৌতিক জাদুমন্ত্রের প্রভাব থেকে মুক্তি পান এবং বলেন, “আপনি যদি অনেক আগে থেকেই এই সত্য জানতেন, তাহলে আমাকে আরও আগে বলেননি কেন? আমি তো সত্যিই কষ্ট পাচ্ছিলাম।”

এই তরুণ যুবকটি, যে যীশুর ক্ষমতা প্রত্যক্ষ করেছিল, এখন সে তার পরিবারকেও এই শুভ সংবাদ শোনাচ্ছে। প্রার্থনা করুন তারাও যেন বিশ্বাসে আসে।

## প্রার্থনার বিষয়সমূহ

- অব্যাহত নিষ্কৃতি এবং নিপীড়ন থেকে মুক্তির জন্য প্রার্থনা করুন।
  “এই উদ্দেশ্যেই ঈশ্বরের পুত্র অবতীর্ণ হয়েছিলেন, যাতে তিনি শয়তানের কাজ ধ্বংস করতে পারেন।” ১ জন ৩:৮
- প্রার্থনা করুন যেন নতুন বিশ্বাসীরা সাহসের সঙ্গে যীশুর ক্ষমতা শেয়ার করতে পারে।
  “জাতিগণের মধ্যে তাঁর মহিমা ঘোষণা কর, সকল মানুষের কাছে তাঁর আশ্চর্য্য কাজের কথা জানাও।” সাম ৯৬:৩
- প্রামাণিক বিবৃতির মাধ্যমে পরিবারগুলো যাতে বিশ্বাসে আসে তার জন্য প্রার্থনা করুন।
  “তুমি এবং তোমার পরিবার পরিত্রাণ পাবে।” অ্যাক্টস্ ১৬:৩১

### প্রয়োগ
আধ্যাত্মিক নিপীড়নের বিরুদ্ধে সাহসের সাথে প্রার্থনা করুন এবং আত্মবিশ্বাসের সাথে খ্রিষ্টের কর্তৃত্ব ভাগ করে নিন।

### তথ্য ও পরিসংখ্যান
মরক্কো-তে ৯৯% মুসলিম বাস করে; এখানে ধর্মান্তকরণ কাজগুলি প্রবল চাপের মুখে পড়ে।

### অন্যান্য ধর্মগ্রন্থ
জন ১১:১-৪৪

মরক্কো
সম্পর্কে আরো তথ্য


৪র্থ দিন

## ১২ই মার্চ

### আজকের থিম

# নম্রতা

“তিনি নিজেকে কিছুই করেননি... তিনি মৃত্যুর কাছে বাধ্য হয়ে নিজেকে নত করেছেন।”
ফিলিপাইনস্ ২:৭–৮



ফোকাস করুন:

নিয়ামে
নাইজের

# খ্রিস্টের মত সেবা সমাজকে রূপান্তরিত করে



ফিলিপাইনস্ ২:৭–৮ পদে খ্রিস্টের আত্মবলিদানের যে নম্র সেবার আহ্বান আমরা দেখি, তার একটি সুন্দর উদাহরণ ফুটে উঠেছে নাইজের-এ। পাঁচ বছর আগে দুটি মিশনারি পরিবার তাদের নিজের দেশের ভালো সরকারি চাকরি ছেড়ে এই ৯৯% মুসলিম অধ্যুষিত দেশে গির্জা প্রতিষ্ঠাকারী হিসাবে সেবা করার সিদ্ধান্ত নিয়েছিল। যখন এক আকস্মিক অভ্যুত্থানের ফলে তাদের আর্থিক সহায়তা সম্পূর্ণ বন্ধ হয়ে যায়, তখন সংগঠনটি তাদের দেশে ফিরে যেতে অনুরোধ করে।

তবুও ঈশ্বরের আহ্বান অনুভব করে, তারা কোনো সম্পদ ছাড়াই আবার তাদের গ্রামে ফিরে যান। তারা সম্পূর্ণভাবে স্থানীয় জীবনধারা গ্রহণ করেন, বাগান ও খামারে স্থানীয়দের মতোই কাজ করতে শুরু করেন। তাদেরকে আর স্থানীয়দের থেকে আলাদা করা যেত না। এই নম্র জীবনধারার উদাহরণটি ছিল বিপ্লবী; ঐতিহ্যগতভাবে, সেই সমাজের মুসলিম মহিলারা বাড়িতেই থাকতেন, কিন্তু মিশনারি স্ত্রীদের মাঠে কাজ করতে দেখে অন্যান্য মহিলারাও তাদের সঙ্গে যোগ দিতে অনুপ্রাণিত হন।

তারা DBS (ডিসকভারি বাইবেল স্টাডি) গ্রুপ শুরু করেন, মহিলাদের স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস, পরিবারকে কিভাবে সাহায্য করা যায় এবং জমিতে একসাথে ভাগাভাগি করে কাজ করার বিষয়ে শেখানো হয়। এই কাজ তাদের জীবনে মর্যাদা ও আনন্দ নিয়ে আসে। পরে পুরুষেরাও খামারের কাজে যুক্ত হন। বন্যায় কখনও কখনও সবকিছু ভেসে গেলেও, এই দম্পতিরা বাধ্য ও সাহসী থেকে যান এবং সুসমাচার প্রচার করে চলেন। তারা শিষ্য তৈরি করছেন, মানুষকে ব্যাপ্টিইজ করছেন এবং সমাজে খ্রিস্টের প্রকাশ দেখতে পাচ্ছেন কারণ তারা সত্যিই নিজেদের “খ্যাতিহীন বা স্বার্থহীন” করে তুলেছিল।

এই আন্দোলন উত্তর নাইজের-এর মরুভূমিতে তুয়ারেগ এবং ফুলানি জনগণের মধ্যে ফলপ্রসূ হচ্ছে। রাজধানীতে নতুন শিষ্যদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। যখন এই শিষ্যরা তাদের গ্রামে ফিরে আসে, তখন তাদের পরিবারও যীশুর অনুসারী হয়ে ওঠে। তদুপরি, নতুন শিষ্য তৈরি করার সম্প্রদায়গুলি বিশ্বাস এবং প্রার্থনায় বৃদ্ধি পাচ্ছে এবং লক্ষণ ও আশ্চর্য কাজের মাধ্যমে লোকেদের সুস্থ হতে দেখছে।

## প্রার্থনার বিষয়সমূহ

- পরিবারগুলোর ওপর ঐশ্বরিক সুরক্ষা এবং আবরণের জন্য প্রার্থনা করুন। “আমি তার চারপাশে আগুনের দেওয়াল হয়ে উঠব, এবং আমি তার গৌরব হয়ে থাকব।” জেকারিয়া ২:৫
- তাদের হাতের কাজের উপর ভরণপোষণ, সহায়তা এবং আশীর্বাদের জন্য প্রার্থনা করুন। “প্রভু তোমার গোলাঘর এবং তোমার হাতের সমস্ত কাজের ওপর আশীর্বাদ বর্ষণ করবেন।” ডিউটেরোনমি ২৮:৮
- পরিবার এবং সম্প্রদায়গুলোর দীর্ঘমেয়াদী পুনরুদ্ধারের জন্য প্রার্থনা করুন। “কারণ আমি তোমাদের জন্য যে পরিকল্পনা করেছি তা আমি জানি, তোমার উন্নতির জন্য এবং তোমায় আঘাতের জন্য নয়, তোমাকে আশা এবং একটা ভবিষ্যৎ দেওয়ার জন্য পরিকল্পনা।” জেরেমিয়া ২৯:১১

### প্রয়োগ

আজই একটি ‘অদৃশ্য সেবা’ বেছে নিন, যা সাধারণ কাজকর্মের মাধ্যমে খ্রিস্টের নম্রতা প্রতিফলিত করবে।

### তথ্য ও পরিসংখ্যান

নাইজার বিশ্বের দরিদ্রতম দেশগুলির মধ্যে অন্যতম।

### অন্যান্য ধর্মগ্রন্থ

জন ১৩:১–১৭

নাইজের সম্পর্কে আরো তথ্য

৫ম দিন

# ১৩ই মার্চ

## আজকের থিম

# সাহসিকতা

“তোমার দাসদের অনুগ্রহ কর তারা যেন পরিপূর্ণ সাহসের সাথে তোমার বাণী ঘোষণা করতে পারে।”
অ্যাক্টস্ ৪:২৯

ফোকাস করুন:

দুবাই
সংযুক্ত আরব আমিরশাহি

# বিশ্বস্তভাবে সাক্ষ্য দেওয়ার সাহস




সুদানের একজন মহিলা, ইমেন, তার পরিবারের জন্য অর্থ উপার্জনের উদ্দেশ্যে দুবাই-তে বসবাস করেন। তিনি বাইবেলের খ্রিস্টের কাছে সৃষ্টি (Creation to Christ) গল্পগুলো পড়ে খ্রিস্টকে গ্রহণ করেন। এরপর তিনি তৎক্ষণাৎ অন্য সুদানি, উত্তর আফ্রিকান ও আরব মুসলমানদের সঙ্গে এই বার্তা শেয়ার করে নিতে এবং তাদের নেতৃত্ব দিতে শুরু করেন।

তার এই যাত্রার শুরুতে, সে তার বন্ধু সামার-এর সাথে বিশ্বাস শেয়ার করে। প্রথমদিকে, সামার যা শুনেছিল তা পছন্দ করেছিল, কিন্তু তার আগ্রহ দ্রুত কমে যেতে শুরু করে।

একদিন, দুপুর নাগাদ, ইমেন লূক অধ্যায় ২৩-এর ক্রুশবিদ্ধ হওয়ার গল্পটার একটা ডিসকভারি বাইবেল অধ্যয়ন করছিল। যখন সে ৪৪ নম্বর পদটি পড়ল, “এই সময় তখন প্রায় দুপুর হয়ে গেছে, আর সমগ্র দেশ জুড়ে অন্ধকার নেমে এসেছে…” ঠিক সেই সময় তিনি সামার-এর কাছ থেকে একটি বার্তা পান যে তার বোন মারা গেছে। সামার তখন সবে আবার আরবে ফিরে এসেছিল যাতে সে সুদানে তার বোনের ডায়ালিসিস-এর চিকিৎসার খরচ যোগাতে পারে। দুঃখজনক ভাবে, তার বোনের ডায়ালিসিস চলাকালীন কারেন্ট চলে গেছিল, এবং সেই বিদ্যুৎ বিভ্রাট-এর কারণেই তার বোন মারা যায়।

ইমেন, এই মর্মান্তিক খবরে ভীষণভাবে বিচলিত হয়, বলে, “ঈশ্বর তাঁর হাতে সময় ধরে রাখেন। কেউ জানে না কোন সময়, কোন মুহূর্তে বা কখন অন্ধকার নেমে আসবে। আমাদেরকে তাঁর সাথেই চলতে হবে।”

## প্রার্থনার বিষয়সমূহ

- সামার এবং পরিবার এবং অনেকে মানুষ যারা গভীর শোক পেয়েছেন তাদের জন্য প্রার্থনা করুন যাতে তারা তাদের দুঃখে ঈশ্বরের সান্ত্বনা এবং রক্ষাকারী অনুগ্রহ উপলব্ধি করে।
  “প্রভু ভগ্ন হৃদয়ের কাছাকাছি থাকেন এবং যাদের আত্মা ক্ষতবিক্ষত হয়েছে তাদের রক্ষা করেন।” সাম ৩৪:১৮
- প্রার্থনা করুন ইমেন এবং তার মত আরও অনেকেই যেন সাক্ষী হিসাবে দাঁড়ানোর শক্তি পায়, সাহসের সঙ্গে ঘোষণা করতে পারে যে ঈশ্বর সময় এবং অনন্তকাল তাঁর নিজের হাতে ধরে রেখেছেন।
  “আমার সময় তোমার হাতে; আমাকে আমার শত্রুদের হাত থেকে এবং যারা আমায় অত্যাচার করে তাদের হাত থেকে উদ্ধার করো।” সাম ৩১:১৫
- সুদানি, উত্তর আফ্রিকান এবং আরবের মুসলিমদের জন্য প্রার্থনা করুন তারা যেন এই ধরনের ঐশ্বরিক মুহূর্ত এবং গল্পের মাধ্যমে খ্রিস্টের দিকে ফিরে আসে।
  “যেসব মানুষেরা অন্ধকারে হাঁটছিল তারা একটা মহান আলো দেখতে পেয়েছে।” ইশাইয়া ৯:২

## প্রয়োগ

এই সপ্তাহে স্বাভাবিক ভাবেই যীশুর কথা বলুন, ফলাফলের জন্য ঈশ্বরের ওপর বিশ্বাস রাখুন।

## তথ্য ও পরিসংখ্যান

আরবের জনসংখ্যার ৮৫% হল প্রবাসী, অনেক কর্মীর কাছেই এখনও পৌঁছানো যায়নি।

## অন্যান্য ধর্মগ্রন্থ

লূক ২৩:৩২-৫৬

সংযুক্ত আরব আমিরশাহি সম্পর্কে আরো তথ্য

৬ষ্ঠ দিন

১৪ই মার্চ

আজকের থিম

# বিশ্বাস


"যদি তোমার বিশ্বাস সরষের দানার মতনও ক্ষুদ্র হয়... তোমার কাছে কোন কিছুই অসম্ভব নয়।"
ম্যাথিউ ১৭:২০



ফোকাস করুন:

আদ্দিস আবাবা
ইথিওপিয়া

# বিশ্বাস পুনরুত্থানের শক্তি প্রকাশ করে




ম্যাথিউ ১৭:২০ পদে যীশু তাঁর শিষ্যদের বলেছেন, "আমি সত্যিই তোমাদের বলছি, যদি তোমার বিশ্বাস সরষের দানার মতও ক্ষুদ্র হয়, তাহলেও তুমি এই পর্বতকে বলতে পার, 'এদিক থেকে ওদিকে সরে যাও', এবং তা সরে যাবে। তোমাদের কাছে কোন কিছুই অসম্ভব না।"

আজকের গল্পটি ইথিওপিয়ার, যেখানে ঈশ্বর শক্তিশালী ভাবে একটি না-পৌছানো জন গোষ্ঠীর কাছে পৌছে ছিলেন। যখন শিষ্য-প্রস্তুতকারী দলগুলো ইথিওপিয়ার মাটিতে সেবা করছিলেন, সেইসময় উগান্ডায় এক বিশ্বাসী সম্প্রদায় বিশেষভাবে ইথিওপিয়ায় সাফল্যের জন্য প্রার্থনায় প্রতিশ্রুতিবদ্ধ হয়েছিলেন। সীমানার কারণে তারা আলাদা হলেও, তারা কিন্তু বিশ্বাসে ঐক্যবদ্ধ ছিল।

উগান্ডার বিশ্বাসীরা যখন ইথিওপিয়ার জন্য প্রার্থনা করছিলেন, শিষ্য-প্রস্তুতকারীরা তখন যীশুর হাত আর পা হয়ে উঠেছিল। তারা প্রত্যক্ষ করলেন যে, ক্রমশ মানুষের হৃদয় খুলছে, প্রয়োজনীয় যোগান আসছে, ঐশ্বরিক অনুগ্রহ এবং প্রার্থনার অসাধারণ উত্তর মিলছে।

ইথিওপিয়ার একটি গ্রামে, আরাআরা নামে একজন বিশ্বাসীর ওপর একদল লোক আক্রমণ করে, তার হাত-পা ভেঙে মৃতপ্রায় অবস্থায় তাকে পাতার স্তূপের নীচে চাপা দিয়ে ফেলে রেখে চলে যায়। এদিকে ইথিওপিয়ার জন্য উগান্ডায় প্রার্থনা বাড়তেই থাকে, স্বর্গে যীশুর সাথে আরাআরা-র দেখা হয়। তিনি তাকে জানান যে রাজ্যের সুসমাচার ঘোষণা করার জন্য তিনি ফিরে আসবেন।

অলৌকিকভাবে, আরাআরা জীবিত হয়ে উঠল। সে উঠে দাঁড়াল, শরীর থেকে পাতা ঝেড়ে ফেলল এবং ইথিওপিয়ার প্রার্থনা গৃহে হেঁটে হেঁটে ফিরে গেল। যখন সেই আক্রমণকারী দলের লোকেরা এবং আরও অনেকেই তাকে জীবিত অবস্থায় দেখল, তারা অভিভূত হয়ে গেল — এবং অনেকেই যীশুকে বিশ্বাস করতে শুরু করল।

## প্রার্থনার বিষয়সমূহ

- প্রার্থনাকারী সম্প্রদায় ও শিষ্য-প্রস্তুতকারীদের মধ্যে গভীর ঐক্য ও আধ্যাত্মিক কর্তৃত্বের জন্য প্রার্থনা করুন।
  "ঈশ্বরের লোকেরা যখন ঐক্যের সাথে একসাথে বসবাস করে তা কতই না ভালো আর মনোরম হয়... সেখানেই প্রভু তাঁর আশীর্বাদের আদেশ দেন।" সাম ১৩৩:১;৩
- না-পৌছানো জনগোষ্ঠীর মাঝে পুনরুত্থানের শক্তি, সাহসী বিশ্বাস ও অলৌকিক নিদর্শনের অব্যাহত প্রকাশের জন্য প্রার্থনা করুন।
  "তোমরা ঈশ্বরের মহিমা দেখতে পাবে।" জন ১১:৪০
- প্রার্থনা করুন আরাআরা-র ঘটনাটি থেকে যেন ব্যাপক অনুতাপ ছড়িয়ে পড়ে এবং বহু মানুষের মধ্যে ফসলের সূচনা করে।
  "অনেকে দেখবে এবং ভয় পাবে, এবং প্রভুর উপর তাদের বিশ্বাস স্থাপন করবে।" সাম ৪০:৩

## প্রয়োগ

আপনার কাছে অসম্ভব মনে হচ্ছে এমন কোন পরিস্থিতিতে সরষে দানার মতন বিশ্বাস রাখার অভ্যাস করুন।

## তথ্য ও পরিসংখ্যান

ইথিওপিয়া-র জনসংখ্যার ৩৫% মুসলিম; মূলত হর্ন অঞ্চলটিতে এখনও সেভাবে পৌঁছানো যায়নি।

## অন্যান্য ধর্মগ্রন্থ

জন ২০:১১-৩১; লূক ২৪:৫০-৫২

ইথিওপিয়া সম্পর্কে আরো তথ্য

৭ম দিন

১৫ই মার্চ

## আজকের থিম

# আশা

“আশার ঈশ্বর তোমাদের সকল আনন্দ ও শান্তিতে পরিপূর্ণ করুন... যাতে পবিত্র আত্মার শক্তিতে তোমরা আশায় উপচে পড়ো।”
রোমানস্ ১৫:১৩

ফোকাস করুন:

সানা
ইয়েমেন

# কষ্টের বাইরে চিরন্তন আশা




ক্রমাগত চলতে থাকা যুদ্ধ ইয়েমেন-এর সানায় বসবাসকারী মানুষদের জীবনকে প্রভাবিত করছে। উৎপীড়ন, নিরাপত্তাহীনতা এবং বাড়িঘর থেকে উচ্ছেদ হয়ে যাওয়ার ফলে শিশুরা ক্ষুধার্ত, পুরুষরা তাদের পরিবারের ভরণপোষণ করতে অক্ষম এবং মহিলারা তাদের ভাঙা সংসার গুছিয়ে রাখার জন্য ক্রমাগত লড়াই করে চলেছে। নিজের পরিবারের জন্য উপার্জন করতে না পারা এবং পরিবারকে ভালো রাখতে না পারার লজ্জায় আহমেদ নিজের মূল্য ও অস্তিত্ব নিয়েই প্রশ্ন করতে শুরু করে।

একদিন ক্যাফেতে আহমেদ-এর এক বন্ধু যখন তাকে বলল যে, সে ঈশ্বরের বাণী-র গল্পগুলো শুনছে যা তার জীবনে আশা নিয়ে আসছে, তখন আহমেদ কৌতুহলী হয়ে ওঠে। খ্রিস্টের কাছে সৃষ্টি (Creation to Christ) গল্পগুলো শুনে আহমেদ এবং তার পরিবারের হৃদয় আলোড়িত হয়।

এমন গভীর হতাশার মাঝেও, সুসমাচার জীবনকে ছুঁয়ে যাচ্ছে। খ্রিস্টের মৃত্যু ও পুনরুত্থানের সাহসী প্রত্যক্ষদর্শীরা ভয়, ভাঙন ও অপূর্ণ প্রত্যাশায় ভরা বাড়িগুলিতে বাইবেলের এই গল্পগুলো নিয়ে যাচ্ছে। রিভিলেশন ৭ এর সর্বশেষ গল্প হল এই যুদ্ধ-বিধ্বস্ত দেশে আত্মপরিচয় এবং উদ্দেশ্য নতুন করে লেখা।

“... এবং যিনি সিংহাসনে বসে আছেন তিনি তাঁর উপস্থিতি দিয়ে তাদেরকে আশ্রয় দেবেন। তারা আর ক্ষুধার্ত হবে না, আর তৃষ্ণার্ত হবে না; সূর্য তাদের আঘাত করবে না, কোনও প্রখর তাপও তাদের কষ্ট দেবে না...”

## প্রার্থনার বিষয়সমূহ

- প্রার্থনা করুন ইয়েমেনের পরিবারগুলোর উপর ঈশ্বরের উপস্থিতির আশ্রয় নেমে আসুক এবং ভয়, ক্ষুধা ও হতাশার চক্র ভেঙে যাক।
  “যিনি সিংহাসনে বসে আছেন তিনি তাঁর উপস্থিতি দিয়ে তাদেরকে আশ্রয় দেবেন... তারা আর ক্ষুধার্ত হবে না।” রিভিলেশন ৭:১৫-১৬
- আহমেদের মত মানুষদের জন্য প্রার্থনা করুন যেন তারা পরিস্থিতির মধ্যে নয় বরং খ্রিস্টের মধ্যে তাদের প্রকৃত পরিচয় এবং মূল্য খুঁজে পায়।
  “আমি তাদের একটি নতুন হৃদয় দেব এবং তাদের মধ্যে একটি নতুন আত্মা স্থাপন করব।” ইজিকিয়েল ৩৬:২৬
- প্রার্থনা করুন সাহসী সাক্ষীরা যেন যুদ্ধ, উৎপীড়ন ও নিরাপত্তাহীনতায় ক্ষতবিক্ষত ঘরগুলোতে যীশুর আশার বার্তা নিয়ে যেতে পারে, বিশ্বাস ও রূপান্তরের আলো জ্বালিয়ে দিতে পারে।
  “সমস্ত আশার ঈশ্বর তোমাদের মধ্যে সমস্ত আনন্দ ও শান্তিতে পূর্ণ করুন কারণ তোমরা তাঁকে বিশ্বাস করো, যাতে পবিত্র আত্মার শক্তিতে তোমরা আশায় উপচে পড়ো।” রোমানস্ ১৫:১৩

## প্রয়োগ

খ্রিস্টের ওপর তোমার পরিচয় স্থাপন করো, পরিস্থিতি বা জাগতিক নিরাপত্তার ওপর নয়।

## তথ্য ও পরিসংখ্যান

ইয়েমেন-এর জনসংখ্যার প্রায় ৯৯% মুসলিম এবং সেখানে গির্জার সংখ্যা খুবই কম।

## অন্যান্য ধর্মগ্রন্থ

রিভিলেশন ৭:৯-১৭

ইয়েমেন সম্পর্কে আরো তথ্য


One
Miracle
Night
মুসলিম জনগণের জন্য
বিশ্ব প্রার্থনা দিবস
সোমবার ১৬ই মার্চ ২০২৬
মুসলিম বিশ্ব জুড়ে যীশুর প্রকাশের জন্য
উপাসনা এবং প্রার্থনা
INTERNATIONAL PRAYER CONNECT
REACHING UNREACHED NATIONS
110 Cities
finishing the task
www.110cities.com

2026

# 5 GLOBAL DAYS OF *Prayer*

**Worldwide Worship & Prayers for Gospel Movements, Revival & Transformation**

INTERNATIONAL PRAYER CONNECT

## February 17th

Global Day of Prayer for Buddhist Peoples (Lunar New Year)

## March 16th

Global Day of Prayer for Muslim Peoples (Night of Power)

## May 24th

Global Day of Prayer for the Worldwide Church (Pentecost)

## September 21st

Global Day of Prayer for Jewish Peoples (Day of Atonement)

## November 8th

Global Day of Prayer for Hindu Peoples (Diwali)

www.110cities.com


# ঈশ্বরের বাণী প্রার্থনা

## বিশ্বের জন্য ৩৬৫ দিনের গাইড

বিশ্বব্যাপী এক প্রার্থনা আন্দোলনে যোগ দিন:

ব্যবসায়িক নেতৃবৃন্দ, গির্জা প্রতিষ্ঠাকারী, বাইবেল অনুবাদক, মহিলা নেত্রীবৃন্দ, শিশুদের মন্ত্রণালয়ের নেতা এবং আন্দোলনের নেতাদের সঙ্গে — যখন তারা বিশ্বের অপ্রাপ্ত ১১০টি গেটওয়ে শহরে তাঁর নাম ঘোষণা করছে।

**iOS ও Android প্ল্যাটফর্মে YouVersion Bible অ্যাপ-এ সাইন আপ করুন।**



এখানে সাইন আপ করুন

# যতক্ষণ না পর্দার আচ্ছাদন উঠে যায়

মুসলিম ধর্মের মানুষদের জন্য ৭ দিনের প্রার্থনা

## ২০২৬ প্রার্থনা গাইড

**প্রকাশনা এবং সহযোগিতায়:**

110 Cities · 2 Billion Children · finishing the task · 24:14 · Global Family 24-7 Prayer · YouVersion · Prayer Tools

IPC প্রতি বছর পাঁচটি প্রার্থনা গাইডের বিষয়বস্তু রচনা করে এবং প্রকাশনা করে। প্রতিটি গাইড ৩০টি ভাষায় অনূদিত হয় এবং সারা বিশ্বের পার্টনার মিনিস্ট্রিগুলি ও ব্যক্তিগত পাঠকদের জন্য উপলভ্য করা হয়। ১০ কোটিরও বেশি যিশু অনুসারী এই বিনামূল্যের উপকরণগুলো ব্যবহার করার অঙ্গীকার করেছেন।

এই উপকরণটি ইন্টারন্যাশনাল প্রেয়ার কানেক্ট (IPC) কর্তৃক রচিত ও প্রকাশিত। অ-বাণিজ্যিক প্রার্থনা, শিক্ষা এবং মন্ত্রণালয় কার্যক্রমের জন্য এটি অবাধে শেয়ার ও বিতরণ করা যেতে পারে। তবে এই বিষয়বস্তুর কোনো অংশ বাণিজ্যিক উদ্দেশ্যে পুনর্মুদ্রণ, রূপান্তর বা ব্যবহার করতে চাইলে অনুগ্রহ করে অনুমতির জন্য IPC-এর সাথে যোগাযোগ করুন।

এই নির্দেশিকায় উল্লিখিত কোনো বাহ্যিক ওয়েবসাইট বা তৃতীয়-পক্ষীয় উৎসের বিষয়বস্তু বা তথ্যের যথার্থতার জন্য ইন্টারন্যাশনাল প্রেয়ার কানেক্ট (IPC) দায়ী নয়।

ব্যক্তিদের গোপনীয়তা ও নিরাপত্তা রক্ষার জন্য নাম এবং কিছু শনাক্তযোগ্য তথ্য পরিবর্তন করা হয়েছে।

এই উপকরণে ব্যবহৃত সকল চিত্রিত চরিত্র কেবল ব্যাখ্যামূলক উদ্দেশ্যে সৃষ্ট কাল্পনিক উপস্থাপনা। এগুলো কোনো বাস্তব ব্যক্তিকে নির্দেশ করে না। জীবিত বা মৃত কোনো ব্যক্তির সঙ্গে সাদৃশ্য সম্পূর্ণভাবে কাকতালীয়।

পবিত্র বাইবেলের উদ্ধৃতিগুলি নেওয়া হয়েছে The Holy Bible, New International Version® থেকে। কপিরাইট © ১৯৭৩, ১৯৭৮, ১৯৮৪, ২০১১ — Biblica, Inc.™ অনুমতিক্রমে ব্যবহৃত। সর্বস্বত্ব সংরক্ষিত।

ইন্টারন্যাশনাল প্রেয়ার কানেক্ট (IPC), যা ইন্টারন্যাশনাল প্রেয়ার কাউন্সিল নামেও পরিচিত, যুক্তরাষ্ট্রে নিবন্ধিত একটি 501(c)(3) অ-লাভজনক সংস্থা। নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা: 313 E Wiser Lake Rd, Lynden, WA 98264, USA

www.ipcprayer.org


যতক্ষণ না পর্দার আচ্ছাদন
উঠে যায়
মুসলিম ধর্মের মানুষদের জন্য
৭ দিনের প্রার্থনা
২০২৬ প্রার্থনা গাইড
মুসলিম জনগণের জন্য
যুগান্তকারী প্রার্থনাকে প্রজ্জ্বলিত করে
এমন বাস্তব প্রত্যাদেশের গল্প
আমাদের মুসলিম প্রতিবেশীদের জন্য প্রার্থনায় সমগ্র বিশ্বের খ্রিস্টানদের সঙ্গে যোগ দিন
IPC
110 Cities
finishing the task
www.110cities.com